মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালন

মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে আলোচনা সভা ও র্যালি অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকালে মেহেরপুর জেলা প্রশাসন ও বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষের (বিআরটিএ) উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শিল্পী রানী রায়।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাকির আহমেদের সঞ্চালনায় “নিরাপদ সড়ক সমৃদ্ধ দেশ, সবার আগে বাংলাদেশ” শীর্ষক আলোচনা সভায় বক্তব্য দেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ, ট্রাফিক ইন্সপেক্টর আব্দুল হান্নান, মেহেরপুর জেলা বিআরটিএর মোটরযান পরিদর্শক সাইদুর রহমান, সড়ক ও জনপথ বিভাগের সহকারী প্রকৌশলী মিজানুর রহমান, মেহেরপুর জেলা বাস মালিক সমিতির আহ্বায়ক আলমগীর হোসেন এবং মেহেরপুর জেলা ট্রাক, ট্রাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের সভাপতি এস এম আকিব।

এর আগে, জাতীয় নিরাপদ সড়ক দিবস উপলক্ষে একটি র্যালি বের করা হয়। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদের নেতৃত্বে র্যালিটি জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। র্যালিতে জেলা প্রশাসক শিল্পী রানী রায় অংশ নেন।

এ সময় অন্যদের মধ্যে সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট শাকির আহমেদ ও কাজী নৌরীন ইসলাম, সড়ক ও জনপথ বিভাগের সহকারী প্রকৌশলী মিজানুর রহমান, বিআরটিএর মোটরযান পরিদর্শক সাইদুর রহমান, জেলা বাস-মিনিবাস মালিক সমিতির আহ্বায়ক আলমগীর হোসেন, জেলা ট্রাক, ট্রাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের সভাপতি এস এম আকিব এবং জেলা মোটর শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিউর রহমানসহ বিভিন্ন পর্যায়ের ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে অটো-রিকশা চালকদের সাথে জামায়াতের সম্মেলন

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর পৌর শাখার উদ্যোগে অটো ও রিকশা চালকদের নিয়ে সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেল ৪টায় মেহেরপুর কমিউনিটি সেন্টারে আয়োজিত এ সম্মেলনে পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ড থেকে শতাধিক অটো ও রিকশা চালক অংশ নেন।

মেহেরপুর পৌর জামায়াতের আমীর সোহেল রানা ডলারের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনে জামায়াতে ইসলামী মনোনীত সংসদ সদস্য প্রার্থী তাজউদ্দীন খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, জেলা নায়েবে আমীর মহাবুব উল আলম, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আব্দুর রউফ মুকুল, আদর্শ শিক্ষক ফেডারেশন মেহেরপুর জেলা সভাপতি আল আমিন বকুল, জেলা ব্যবসায়ী বিভাগের সভাপতি খালিদ সাইফুল ইসলাম, পৌর ৮ নম্বর ওয়ার্ড জামায়াত সভাপতি সোহেল রানা এবং ৯ নম্বর ওয়ার্ডের সাধারণ সম্পাদক সোহেল রানা।

সম্মেলনে বক্তারা অটো ও রিকশা চালকদের ন্যায্য পারিশ্রমিক নিশ্চিত করা, নিরাপদ সড়ক পরিবেশ সৃষ্টি, পুলিশ ও প্রশাসনের হয়রানি বন্ধ এবং সুষ্ঠু কর্মপরিবেশ প্রতিষ্ঠার দাবি জানান। তারা চালকদের সংগঠিত হয়ে আইনসম্মত ও শান্তিপূর্ণ উপায়ে নিজেদের অধিকার আদায়ের আহ্বান জানান।

দোয়া ও মোনাজাতের মাধ্যমে সম্মেলনের সমাপ্তি ঘোষণা করা হয়।

মেহেরপুরে নিরাপদ সড়ক ও ফুটপাত দখলমুক্ত করার দাবিতে মানববন্ধন

মেহেরপুরে নিরাপদ সড়ক, অবৈধ যানবাহন চলাচল বন্ধ ও ফুটপাত দখল মুক্ত করার দাবিতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে।

“নিরাপদ সড়ক,অবৈধ যানবাহন চলাচল বন্ধ ও দখলমুক্ত ফুটপাত চাই”এই প্রতিপাদ্যে শুক্রবার (২ ফেব্রুয়ারি) বিকেলে মেহেরপুর প্রেস ক্লাবের সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।

ভলেন্টিয়ার ফর বাংলাদেশ (ভিবিডি) মেহেরপুর জেলা শাখা আয়োজিত মানববন্ধনে ভলেন্টিয়ার ফর বাংলাদেশ মেহেরপুর জেলা শাখার সভাপতি তানজীমুল, সাধারণ সম্পাদক নাফিউল, সহ-সভাপতি রাব্বি, কোষাধক্ষ আনাস, মানব সম্পদ কর্মকর্তা ইমতিয়াজ, মেহেরপুর কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির ভাইস প্রিন্সিপাল খন্দকার মুইজ, সোসিয়াল অ্যাক্টিভিটিস্ট ও মেহেরপুর উদ্যোক্তা অ্যাসোসিয়েশনের সভাপতি শরিফুল ইসলাম পলাশ বক্তব্য রাখেন।

এছাড়াও এসময় তুরজাউন,বাপ্পি,তানভীরসহ বিভিন্ন কলেজের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

বক্তাগণ তাদের বক্তব্যে বলেন মেহেরপুরে যানজট নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা ও অবৈধ ফুটপাত দখলমুক্ত করতে হবে। এছাড়াও আরো গুরুত্বপূর্ণ সচেতনতামূলক বিষয়ে বক্তাগণ বক্তব্য রাখেন।

উল্লেখ্য, ৩১ জানুয়ারি মেহেরপুর শহরে বাঁশের গুড়িভর্তি বেপরোয়া গতির লাটাহাম্বারের ধাক্কায় একজন এলজিইডির অফিস সহকারী প্রাণ হাড়ায়।

মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালন

বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভার মধ্য দিয়ে মেহেরপুরে জাতীয় নিরাপদ সড়ক দিবস পালন করা হয়েছে। দিবসটি পালন উপলক্ষে মেহেরপুরে জেলা প্রশাসন ও বিআরটিএ এর উদ্যোগে শনিবার সকালে এ আয়োজন করা হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভুইয়ার নেতৃত্ব র্যালীটি জেলা প্রশাসনের কার্যলয় থেকে শুরু করে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসক ড.মুহাম্মদ মুনসুর আলম খান।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া, জেলা ট্রাফিক ইন্সপেক্টর ফেরদৌস হাসান, বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, জেলা ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি এস এম আকিব প্রমুখ।

র্যালী ও আলোচনা সভায় অন্যদের মধ্যে অতিরিক্ত জেলা প্রশাসক লিংকন বিশ্বাস, এনডিসি গোলাম রাব্বানী, বিআরটিএ ইন্সপেক্টর জিয়াউর রহমান, জেলা নিরাপদ সড়ক চাই আন্দোলনের সহ-সভাপতি রশিদ হাসান খান আলোসহ বিভিন্ন সরকারী ও বেসরকারী অফিসের কর্মকর্তাগন উপস্থিত ছিলেন।

সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রনি খাতুন আলোচনা সভাটি সঞ্চালনা করেন।